



**Daffodil**  
*International*  
**University**

## **AOL Assignment-01**

**Course Code: AOL 131**

**Course Title: Art Of Living**

### **Submitted by:**

**Name: Md.Saikat Islam**

**ID: 211-15-4007**

**Section: PC-A**

**Department: CSE**

**Daffodil International University**

### **Submitted to:**

**Name: Muhammad Sajidul Islam**

**Lecturer**

**Dept. of GED**

**Daffodil International University**

---

**Submitted on 19<sup>th</sup> October 2021**

# শিক্ষার মাইন্ডসেটে প্রয়োজন যে পরিবর্তন

একজন মানুষ সুশিক্ষিত হতে হলে যে প্রাতিষ্ঠানিক শিক্ষাই গ্রহন করতে হবে,সেইটা ছাড়া সে দক্ষতা অর্জন করতে ব্যর্থ, তা সব জায়গায় কর্মকর নয়। দক্ষতার জন্য কোন প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রয়োজন নেই। নিজে থেকেই এর বিস্তার ঘটানো সম্ভব। শুধু চাই একটা মাইন্ডসেট। তবে শিক্ষার সাথে মাইন্ডসেট তথা মনের ভাবের মিল থাকা জরুরি। কারণ আবার মনের সাথে জ্ঞানের মিল না থাকলে সেই শিক্ষা নিষ্ফল হয়ে যায়।

তবে আমাদের বর্তমান শিক্ষা ব্যবস্থার ধরনটা ঠিক এইরকম যে, আমাদের খুব ভালো বেতনের চাকরি করতে হবে। যার জন্য আমাদের একটা ডিগ্রী প্রয়োজন। এজন্য আমরা শুধুমাত্র ডিগ্রীর জন্য, জোরজবরদস্তি নিজের উপর পড়াশোনাটা কে চাপিয়ে দিই। কারণ আমাদের সমাজে সার্টিফিকেট প্রয়োজন সবার আগে। তবেই ভালো চাকরির সুযোগ মেলে। খারাপ রেজাল্ট যার, তার দাম নেই। আমাদের জ্ঞান নয় আমাদের টাকা চাই। তেমনি আমাদের ভালো রেজাল্ট ম্যাটার করে। তবে দক্ষতা কিন্তু এখানে অনেক বেশি প্রয়োজনীয়।

মাইন্ডসেট তৈরি করা নিয়ে লেখক এখানে অনেক কথা টেনেছেন। যেমন তিনি বলেছেন , একজন ময়রার সন্তান ছোটবেলা থেকে তার আশেপাশে সবকিছু দেখে। সেখান থেকে তার আগ্রহ সৃষ্টি হয় এবং তার ছোটবেলা থেকে একটা মাইন্ডসেট তৈরি হয়ে যায়। যে কারণে সে বুঝতে পারে যে, সে কি করবে। এভাবে একজন জেলের সন্তানেরও আশেপাশে দেখার পর তার মাইন্ডসেট তৈরি হয়ে যায়, যে তাকে মাছ ধরতে হবে। এর ফলে সে তার কাছে একটা আনন্দ পায়। একটা ইচ্ছাশক্তি জন্মায়। কিন্তু বর্তমানে আমাদের মাঝে সে ইচ্ছাশক্তি আগ্রহ কিছুই নেই। আমরা ঠিক এরকম একটা শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে চলাচল করি, যেখানে দক্ষতা পরে, আগে সার্টিফিকেট প্রয়োজন। এজন্য প্রথমে একটা সুনির্দিষ্ট মাইন্ডসেট তৈরি করতে হবে আমাদের। আমরা কি করব তার প্রতি এক নির্দিষ্ট ধারণা থাকতে হবে এবং সেদিকে এগিয়ে চলতে হবে।

প্রতিটি মানুষেরই ইচ্ছা, স্বপ্ন থাকে। কারো স্বপ্নের সাথে অন্য কারো স্বপ্নের তুলনা হয় না। একজন মানুষ যখন তার স্বপ্ন, ইচ্ছাকে মনের মধ্যে লালন করবে এবং এগুলোর সাথে সম্পর্কিত শিক্ষায় শিক্ষিত হবে, তখনই সে একজন সুশিক্ষিত সুনাগরিক হিসেবে দেশের সেবায় নিযুক্ত হবে। অন্যথায়, বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি অর্জন করে, আর্জিত শিক্ষাকে বাস্তবে প্রয়োগ না করতে পারলে, তার শিক্ষাই ত্রিখা। আমাদের দেশের নতুন প্রজন্মকে শুধু বিসিএস পরীক্ষার জন্য উৎসাহিত না করে, সুনাগরিক হতে উৎসাহ দিলে আমাদের দেশের কর্মক্ষেত্রে শিক্ষিত মানবশক্তির অভাব দূর করা সম্ভব হবে। একবার মাইন্ডসেট তৈরি করে নিলে তার উদ্দেশ্য হয়ে যায় নির্দিষ্ট এবং সে এগোতে থাকে নিজের মত। তার নিজের ইচ্ছার স্বপ্নের দিকে।